

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ পৌষ ১৪৩১/ ১৭ ডিসেম্বর ২০২৪

নম্বর: ০৮.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.৩৮১—গত ৮ ডিসেম্বর ২০২৪ তারিখে দুবাইয়ে
অনুষ্ঠিত ‘এশিয়া কাপ ২০২৪’ টুর্নামেন্টের ফাইনালে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল ৫৯ রানের
ব্যবধানে ভারতকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বাংলাদেশ অনূর্ধ্ব-১৯
ক্রিকেট দল আফগানিস্তান, নেপাল ও পাকিস্তানের বিরুদ্ধে জয় লাভ করার মাধ্যমে ফাইনাল খেলার
যোগ্যতা অর্জন করে। ফাইনালে বাংলাদেশ দল শক্তিশালী ভারতের বিরুদ্ধে আধিপত্য বজায় রেখে
চ্যাম্পিয়ন হয়। ‘এশিয়া কাপ ২০২৪’-এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব
অর্জন করায় বাংলাদেশের যুব ক্রিকেট দল বিশ্ব ক্রিকেটে স্বীয় অবস্থান আরও সুসংহত করেছে।

২। উপর্যুক্ত পরিষদ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের এ সাফল্যে বাংলাদেশ
অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলসহ বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা
ও অভিনন্দন জানিয়েছে। নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতে আরও ভালো
ফলাফল অর্জনের দ্বারা জাতিকে গৌরবার্থিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে উপর্যুক্ত পরিষদের
২৭ অগ্রহায়ণ ১৪৩১/ ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৩। উপর্যুক্ত পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

(২৯০০৯)
মূল্য : টাকা ৪.০০

উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৭ অগ্রহায়ণ ১৪৩১
১২ ডিসেম্বর ২০২৪

গত ৮ ডিসেম্বর ২০২৪ তারিখে দুবাইয়ে অনুষ্ঠিত ‘এশিয়া কাপ ২০২৪’ টুর্নামেন্টের ফাইনালে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল ৫৯ রানের ব্যবধানে ভারতকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল আফগানিস্তান, নেপাল ও পাকিস্তানের বিরুদ্ধে জয়লাভ করার মাধ্যমে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। ফাইনালে বাংলাদেশ দল শক্তিশালী ভারতের বিরুদ্ধে আধিপত্য বজায় রেখে চ্যাম্পিয়ন হয়। উল্লেখ্য, গত বছর বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল সংযুক্ত আরব আমিরাতকে ১৯৫ রানের ব্যবধানে হারিয়ে প্রথমবারের মত যুব এশিয়া কাপে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছিল।

‘এশিয়া কাপ ২০২৪’-এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করায় বাংলাদেশের যুব ক্রিকেট দল বিশ্ব ক্রিকেটে স্বীয় অবস্থান আরও সুসংহত করেছে। উপদেষ্টা পরিষদ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলের এ সাফল্যে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলসহ বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতে আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd